



সম্মুখযুদ্ধে চাদের
প্রেসিডেন্ট নিহত

>> প্রোগ্রামাঙ্কিক ১১

২৮ এপ্রিল পর্যন্ত
লক্ষডাউন

>> অবসর ৩

সিরামিক পণ্যের
বিক্রিতে ধস

>> প্রথম-বাংলাদেশ ১২

হংকং গড়তে
পারে ইতিহাস

>> বিজ্ঞান ১৪



১৩৭

উচ্চশিক্ষা

সিমাগো র‍্যাঙ্কিং

দেশে সেরা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, বিদেশে হার্ভার্ড



নিজস্ব প্রতিবেদক ঢাকা



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY

ছবি : সংগৃহীত

সিমাগো ইনস্টিটিউশনস র‍্যাঙ্কিংয়ে এ বছরের তালিকা প্রকাশ করেছে। এতে বিশ্বের বিভিন্ন দেশের ৪ হাজার ১২৬টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। তালিকায় **বাংলাদেশের ২৮টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের** নাম উঠে এসেছে। গত বছর এ সংখ্যা ছিল ১৯টি। সে হিসাবে এ বছরের ৯টি শিক্ষাপ্রতিষ্ঠান নতুন করে র‍্যাঙ্কিংয়ে জায়গা করে নিয়েছে।

র‍্যাঙ্কিংয়ে এ বছরের বিশ্বসেরা যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয়। সেরা দেশে আছে চীনের দুটি বিশ্ববিদ্যালয়। সেরা দেশে আরও আছে যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়, ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি (এমআইটি), অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় ও জনস হপকিন্সের মতো বিশ্ববিদ্যালয়গুলো।

গবেষণা, উদ্ভাবন এবং সামাজিক প্রভাবের ওপর ভিত্তি করে প্রতিবছরের এপ্রিল মাসে এ র‍্যাঙ্কিং প্রকাশ করেছে স্পেনের গবেষণা প্রতিষ্ঠানটি। ২০০৯ সাল থেকে প্রতিষ্ঠানটি নিয়মিত বিশ্বের বিশ্ববিদ্যালয়গুলোর র‍্যাঙ্কিং প্রকাশ করে আসছে।

সম্প্রতি প্রকাশিত র‍্যাঙ্কিংয়ে দেখা গেছে, বাংলাদেশের ২৮টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে সেরা গাজীপুরের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়। শীর্ষ দুই ও তিনে আছে টাঙ্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (মোভাবিপ্রবি) ও ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। ২০২০ সালের র‍্যাঙ্কিংয়ে শীর্ষ তিন বিশ্ববিদ্যালয় ছিল মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়।

এবারের শীর্ষ দশে থাকা বিশ্ববিদ্যালয়গুলো চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (৪), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয় (৫), খুলনা বিশ্ববিদ্যালয় (৬), বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (৭), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (৮), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) (৯) ও যৌথভাবে ১০ম স্থানে আছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি)।

২৮টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে আরও আছে—রাজশাহী বিশ্ববিদ্যালয়, ব্র্যাক বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, আহসানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, খুলনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি, এশিয়া প্যাসিফিক ইউনিভার্সিটি এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এবং ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, চট্টগ্রামের ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ও মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে (এমআইএসটি)।

বিশ্বের সেরাদের সেরা হার্ভার্ড

সিমাগো ইনস্টিটিউশন র‍্যাঙ্কিংয়ের এ বছরের বিশ্বসেরা তালিকার শীর্ষে আছে যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় যুক্তরাষ্ট্রের হার্ভার্ড মেডিকেল স্কুল, তৃতীয় চীনের সিঙ্গুয়া বিশ্ববিদ্যালয়, চতুর্থ যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় ও পঞ্চম অবস্থানে ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি (এমআইটি)। এরপর আছে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়, জনস হপকিনস বিশ্ববিদ্যালয়, মিসিগান বিশ্ববিদ্যালয়, ইউনিভার্সিটি কলেজ লন্ডন, বিজিয়ায়ং বিশ্ববিদ্যালয়।

জানা গেছে, স্পেনভিত্তিক সিমাগো ইনস্টিটিউশনস র‍্যাঙ্কিং হলো আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ের প্রতিষ্ঠান, যেখান থেকে সিমাগো ল্যাব ও বিশ্বের বৃহত্তম বৈজ্ঞানিক প্রকাশক, এলসেভিয়ারের মালিকানাধীন স্ক্রিপাসবিজ্ঞান গবেষণায় অবদানের জন্য প্রতিবছর শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের র‍্যাঙ্কিং প্রকাশ করা হয়ে থাকে।

২০২১ সালে সারা বিশ্ব থেকে ৪ হাজার ১২৬টি বিশ্ববিদ্যালয় এই তালিকায় জায়গা পেয়েছে। স্ক্রিপাস ডেটাবেইসে কমপক্ষে ১০০টি গবেষণা প্রকাশিত হয়েছে এমন সব প্রতিষ্ঠানকেই এই র‍্যাঙ্কিংয়ের জন্য বিবেচনায় নেওয়া হয়েছে।